

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

## শূন্যপদে শিক্ষক, চিকিৎসক ও নার্স নিয়োগের নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া শিক্ষক, চিকিৎসক, নার্স, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিশেষায়িত প্রতিষ্ঠানের টেকনিশিয়ান ও কম্পিউটার টেকনিশিয়ানদের শূন্যপদে অতি সড়র লোক নিয়োগের ব্যাপারে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা সভায় খালেদা জিয়া এ নির্দেশ দেন।

সরকারের বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত প্রতিবেদনের ভিত্তিতে দেশের অর্থনৈতিক, প্রশাসনিক ও আইনশৃঙ্খলা বিষয়ে বিরাজমান পরিস্থিতি পর্যালোচনা করার জন্য প্রধানমন্ত্রীর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। বাসস।  
সভায় সর্বশেষ সূচক ও নির্দেশক বিশ্লেষণ করে দেখা যায় যে, খাদ্য, কৃষি ও অন্যান্য পণ্যের উৎপাদন সভ্যোৎসাহক পর্যায়ে রয়েছে এবং অর্থনীতিও পতিশীল রয়েছে।  
● এগেপ-পৃষ্ঠা ২ কলাম ৪

## শূন্যপদে শিক্ষক, ডাক্তার

● প্রথম পাতার পর দেশের সামষ্টিক অর্থনীতিতে লক্ষণীয় ভারসাম্য বিরাজ করছে। প্রশাসন ও আইনশৃঙ্খলা বিষয়ে যেসব ক্ষেত্রে আরো বেশি উন্নয়ন প্রয়োজন- সভায় সেন্সব ফ্রেড চিহ্নিত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য কর্মসূচি ও কাঠামো ভিত্তিক কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় প্রধানমন্ত্রী বিদ্যুৎসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সেक्टरে উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনায় কঠোর প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন।

তিনি কারাগারে বন্দীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং দ্রুত বিচারের মাধ্যমে হাজতির সংখ্যা কমিয়ে আনার নির্দেশ দেন।

সভায় আরো সিদ্ধান্ত নেওয়া হয় যে, সকল মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মাসিক প্রতিবেদনের ভিত্তিতে ভবিষ্যতেও এ ধরনের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

সভায় অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম. সাইফুর রহমান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী আবদুল মান্নান ডুইয়া, শিল্পমন্ত্রী এম কে আনোয়ার, ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী ব্যারিস্টার এম আমিনুল হক, প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী ও মোঃ মোসাদ্দেক আলী, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. কামাল উদ্দিন সিদ্দিকী, কেবিনেট সচিব ড. সা'দত হোসাইন, সংস্থাপন সচিব এ বি চৌধুরী, অর্থসচিব জাকির আহমদ খান উপস্থিত ছিলেন।